গাংনীতে সার বোঝায় ট্রাক ও চাউল বোঝায় নাটা হাম্বার উল্টে খাদে

সার বোঝায় দ্রুতগতির একটি ট্রাক ও চাউল বোঝায় একটি নাটা হাম্পার গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে খাদে পড়েছে। আজ রবিবার সন্ধ্যায় গাংনীর কাঁথুলী সড়কের নওপাড়া গ্রামে ঘটনা ঘটে। তবে এ ঘটনায় কোন হতাহতের ঘটনা ঘটেনি ।

স্থানীয়রা জানান, রাফিউল এন্টার প্রাইজ নামক একটি ট্রাক যার নম্বর ঝিনাইদহ ট- ১১-৫৫২ কুষ্টিয়া থেকে ৪২৯ বস্তা রাসায়নিক সার নিয়ে গাংনীর কাথুলী সড়ক হয়ে মেহেরপুরে যাচ্ছিল। একই সাথে একটি নাটা হাম্বার গাড়ি গাংনীর খাদ্য গুদাম থেকে ১৩০ বস্তা চাউল ভর্তি করে গাড়াবাড়িয়ার দিকে যাচ্ছিল। দুটি গাড়ি নপারা বাজারের সন্নিকটে পোছালে একটি পাখি ভ্যানকে সাইড দিতে গিয়ে দুটি গাড়ি নিয়ন্ত্রণ হারায়। এসময় ট্রাকটি রাস্তার উপরে উল্টে যায় এবং নাটা হাম্বার গাড়িটি রাস্তার পাশে একটি খাদে পড়ে যায়।

রাস্তার উপরে ট্রাক উল্টে পড়ে থাকায় চরম যানজট সৃষ্টি হয়। নাটা হাম্বার ও ট্রাকের চালক পালিয়ে যাই। তবে এ ঘটনায় কোন হতাহতের ঘটনা ঘটেনি।

লাটা হাম্বারের চালক গাড়াবাড়িয়া গ্রামের আতাহারের ছেলে ইলিয়াস হোসেন জানান, তিনি গাংনী খাদ্য গুদাম থেকে চাল ভর্তি করে গাড়াবাড়িয়া গ্রামে যাচ্ছিলেন এসময় দ্রুতগতির একটি ট্রাক পিছন থেকে ধাক্কা দিলে তার গাড়ি খাদে পড়ে যায়।

ট্রাকের চালক মেহেরপুর রায়পুর খন্দকার পাড়ার ফজলুর ছেলে সাব্বির জানান,তিনি কুষ্টিয়া থেকে সার নিয়ে মেহেরপুরে যাচ্ছিলেন। নওপাড়া বাজারে পৌঁছালে একটি পাখি ভ্যানকে সাইড দিতে গিয়ে ট্রাকটি নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে যায়। তিনি আরো জানান ট্রাকটি উল্টে গিয়ে সারের সমস্ত বস্তা রাস্তায় পড়ে গেলেও তার কোন ক্ষয়ক্ষতি হয়নি।

[redacted]

[redacted]

তারিখের বিএসটিআই-এর পরীক্ষায় নিম্নমানের হওয়ায় ৫২ টি পণ্য জরুরী ভিত্তিতে উৎপাদন, পক্রিয়াকরণ, মজুদ, পরিবহণ, পরিবেশন, সরবরাহ, ক্রয়-বিক্রয় বন্ধ এবং বাজার হতে প্রত্যাহার ও জব্দকরণ তালিকায় আয়োডিন যুক্ত লবন মধুমতি সল্ট ইন্ডাঃ, ফুলতলা, খুলনা কে বাজার হতে তার পণ্য প্রত্যাহার করার জন্য নির্দেশনা দেওয়া হয়েছিল। অর্থাৎ এই কোম্পানীর বিরুদ্ধে ইতিপূর্বেও মানসম্মপন্ন নয় এমন পন্য উৎপাদান ও বাজারজাতকরণের অভিযোগ রয়েছে মর্মে আদালতের দৃষ্টি গোচর হয়।

এমনকি বাজার থেকে মধুমতি লবণ প্রত্যাহার/উঠিয়ে নেওয়ার জন্য ২নং আসামি মোঃ আকবর আলী (ডিলার) কে স্বাস্থ্য বিভাগ হতে গত ১০/০৩/২০২৩ খ্রিঃ তারিখে নোটিশ ইস্যু করা হলেও আসামিরা তা অমান্য করে পুনরায় উক্ত লবন সরবরাহ করছে এবং বাজার হতে মানহীন লবন প্রত্যাহার করেননি।

প্রতিবেদন বিশ্লেষণ করে আসামীদের বিরুদ্ধে নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর ৫৮ ধারা ও তপসীল বর্ণিত ৩নং ক্রমিকে উল্লেখিত ২৬ ও ৪১ ধারার অপরাধ আমলে নিয়ে এই আদেশ প্রদান করেন। আদালতে নালিশকারী স্যানিটারি ইন্সপেক্টর মোঃ তারিকুল ইসলাম উপস্থিত ছিলেন।

বেতন না পেয়ে স্কুল পরিচালকের বিরুদ্ধে শিক্ষকের অভিযোগ

হুমকী, হয়রানির প্রতিকার ও প্রাপ্ত বেতন চেয়ে গাংনী সূর্যোদয় স্কুল এন্ড কলেজের পরিচালক আবুল কাসেম অনুরাগীর বিরুদ্ধে অভিযোগ এনে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের বরাবর লিখিত আবেদন করেছেন স্কুলের বরখাস্তকৃত শিক্ষক শাহীন ইসলাম। অভিযুক্ত আবুল কাসেম অনুরাগী দৈনিক আমাদের সূর্যোদয় পত্রিকার প্রকাশক ও সম্পাদকও।

লিখিত আবেদনের কপি দৈনিক মেহেরপুর প্রতিদিনসহ স্থানীয় দুটি প্রেসক্লাবের সভাপতি বরাবরও দিয়েছে আবেদনকারী।
বরখাস্তকৃত শাহীন ইসলাম তার লিখিত অভিযোগে বলেন, তিনি ৫ নভেম্বর ২০২১ সাল থেকে ২৬ অক্টোবর ২০২২ সাল পর্যন্ত গাংনী সূর্যোদয়

স্কুল এন্ড কলেজে সাধারণ শিক্ষক হিসেবে কর্মরত ছিলেন। ওই সময়ের মধ্যে তাকে নিয়োগপত্র ও প্রতিশ্রুতি মোতাবেক বেতন দেননি বলে অভিযোগ করেন। তিনি নিয়োগপত্র ও প্রতিশ্রুতি মোতাবেক বেতন চেয়ে এ আবেদন করেছেন।

তিনি আরো বলেন, গত ২৬ অক্টোবর ২০২২ ইং তারিখে বিভিন্ন মিথ্যা অপবাদ দিয়ে স্কুল থেকে বরখান্ত করা হয় এবং এসএসির মুল সনদপত্র ও দুই মাসের বেতন আনুমানিক ২৫ হাজার টাকা স্কুলের পরিচালক আবুল কাসেম আটকিয়ে রেখে হয়রানি করেন। এছাড়া মুঠো ফোনের মাধ্যমে আবুল কাসেম রাজনৈতিক ক্ষমতার দাপট দেখিয়ে একজন শিক্ষককে দিয়ে নানাভাবে হুমকী দেন। এছাড়া তার প্রকাশিত পত্রিকা দৈনিক আমাদের সূর্যোদয় পত্রিকায় সংবাদ প্রকাশ করে ভবিষ্যতে ওই শিক্ষকের ক্ষতি করবে বলেও হুমকি দেন। অবশেষে তিন মাস পর ১০ জানুয়ারী ২০২৩ তারিখে মুল সনদপত্র ফেরত দেন এবং দুই মাসের বেতন দেওয়ার প্রতিশ্রুতি দেন। কিন্তু তিন মাস পার হলেও এখন পর্যন্ত আমার সেই দুই মাসের বকেয়া বেতন ফেরত দেননি। বিষয়টির প্রতি সুদৃষ্টি দিয়ে আবুল কাসেমের হয়রানির হাত থেকে মুক্ত ও দুই মাসের বকেয়া বেতন আদায় করে দিতে ব্যবস্থা নেওয়ার আবেদন জানান তিনি।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু বলেন, আবেদন দিলেও এখন আমার টেবিলে এসে পৌছায়নি। তবে আগামী (আজ) রবিবার আমার টেবিলে আসতে পারে। এধরণের অভিযোগ পেলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

তবে, ইউএনও অফিসের সহকারী বজলুর রহমান বলেন, দরখাস্ত পাওয়া গেছে ইউএনও স্যারের টেবিলে পৌছে দেওয়া হবে।
এ ব্যাপারে গাংনী সূর্যোদয় স্কুল এন্ড কলেজের পরিচালক আবুল কাসেম অনুরাগীর মোবাইলে মেহেরপুর প্রতিদিন থেকে ফোন করা হলে তিনি ফোন রিসিভ না করায় মতামত নেওয়া সম্ভব হয়নি।

মেহেরপুর পৌরসভার ১নং ওয়ার্ড

ঘোষপাড়া সড়ক নির্মাণ কাজের উদ্বোধন

মেহেরপুর পৌরসভা ১ নম্বর ওয়ার্ড ঘোষপাড়ার ড্রেন ও রাস্তার উদ্বোধন করা হয়েছে। গত শনিবার বিকেলে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন এই ড্রেন ও রাস্তা সংস্কারণ কাজের উদ্বোধন করেন।

উদ্বোধনের সময় পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন মেহেরপুর পৌরসভাতে প্রায় সাড়ে ২০ কোটি টাকা কাজের ভিতরে ১ নম্বর ওয়ার্ডে ৬ থেকে ৭ কোটি কাজ রয়েছে। যাতে আগামী দুই বছর পরে মানুষের আর কোন চাওয়া পাওয়া না থাকে। আর যারা বিগত দিনে এই উন্নয়নকে বাধা গ্রস্ত করেছে মেহেরপুর পৌরবাসীকে পিছিয়ে রেখেছে আজকে সেই সমস্ত কালো ছায়া থেকে ইনশাল্লাহ আমরা আলোর পথে পা রেখেছি।

তিনি আরো বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন আগামী দুই বছরের ভিতরে মেহেরপুর পৌরসভাকে সাজিয়ে দিবে যত টাকা লাগে উনিদেবে ও মেহেরপুর পৌরসভাকে একটা মডেল পৌরসভা করে তুলবে।

এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভা ১ নম্বর ওয়ার্ড কাউন্সিলর মীর জাহাঙ্গীর, ঘোষপাড়া জামে মসজিদের পেশ ইমাম, ১ নম্বর ওয়ার্ডের বিভিন্ন শ্রেনীপেশার মানুষসহ বিভিন্ন নেতা কর্মীর উপস্থিত ছিলেন।

গাংনীতে ব্যবায়ীকে কুপিয়ে মোটরসাইকেল ও মোবাইল ছিনতাই

গাংনী উপজেলার সাহারবাটি—গাঁড়াডোব রাস্তায় ছিনতাই সংঘঠিত হয়েছে। এতে হার্ডওয়্যার ব্যবসায়ী সাদ্দাম হোসেন ওরফে সবুজকে (৩২) রামদা দিয়ে কুপিয়ে মারাত্বক জখম করে মোটরসাইকেল, নগদ টাকা ও মোবাইল ফোন ছিনতাই করেছে।

গতকাল শনিবার দিবাগত রাত সাড়ে ৯ টার সময় সাহারবাটি—গাঁড়াডোব

মাঠের মাঝখানে হোগলাগাড়ির মাঠ নামক স্থানে এই ছিনতাইয়ের ঘটনা ঘটে।

সাদ্দাম হোসেন ওরফে সবুজকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। তবে সে বর্তমানে আশংকামুক্ত বলে জানিয়েছেন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সেরের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) মারুফ হোসেন।

সাদ্দাম হোসেনের বন্ধু প্রবাস ফেরত লাভলু হোসেন বলেন, সাদ্দাম হোসেন ও আমি মোটরসাইকেল যোগে সাহারবাটি বাজার থেকে গাঁড়াডোব রাস্তায় যাচ্ছিলাম। ওই রাস্তার হোগলগাড়ির মাঠ নামক স্থানে পৌছানো মাত্রই পিছন থেকে মোটরসাইকেল যোগে ৪/৫ জনের একটি সংঘবদ্ধ ছিনতাইকারী আমাদের মোটরসাইকেল ঘীরে ধরে গতিরোধ করে। আমরা রাস্তার উপর দাঁড়িয়ে পড়লে তারা আমাকে ও সাদ্দাম হোসেনকে হাত পিচ মোড়া দিয়ে বেঁধে ফেলে মাঠের মধ্যে নিয়ে যায়। এসময় সাদ্দাম হোসনের প্যান্টের পকেটে মানিব্যাগে রাখা ১২ হাজার টাকা ও মোটরসাইকেল ছিনতাই করে নিয়ে চলে যায়। এসময় সাদ্দাম হোসেনের পিছনে রামদা দিয়ে একটি কোপ মেরে ফেলে রেখে চলে যায় দূর্বত্তরা।

ব্যবসায়ী সাদ্দাম হোসেন গাংনীর সাবেক এমপি মকবুল হোসেনের ভাগ্নে ও কাজলা এন্টারপ্রাইজ নামের হার্ডওয়্যারের স্বতাধিকারী। লাভলু হোসেন সদস্য প্রবাস ফেরৎ ও গাংনীর চেংগাড়া গ্রামের জামাল উদ্দীনের ছেলে। তবে লাভলু হোসেনকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, ঘটনা শোনার সাথে ওই এলাকায় পুলিশের পক্ষ থেকে অভিযান শুরু করা হয়েছে।

এদিকে হার্ডওয়্যার ব্যবসায়ী সবুজের উপর হামলা ও ছিনতাই খবর শুনে গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল, গাংনী বাজার কমিটির সভাপতি শাওনসহ স্থানীয় আওয়ামীলীগ ও অঙ্গসংগঠণের শত শত নেতা কর্মী হাসপাতালে ভীড় করেন।

কেন্দ্র ঘোষিত গাংনী উপজেলা বিএনপির পৃথকভাবে অবস্থান কর্মসূচি পালন

১০ দফা বাস্তবায়নের দাবিতে মেহেরপুরের গাংনী উপজেলা বিএনপি অবস্থান কর্মসূচি পালন করেছে। গতকাল শনিবার সকাল ৯:৩০ টার দিকে উপজেলা বিএনপি’র কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা বিএনপি’র সভাপতি রেজাউল হক এর সভাপতিত্বে কর্মসূচিতে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র-সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন।

জেলা যুবদল নেতা আব্দুল হকের সঞ্চালনায়- সভায় বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, জেলা বিএনপি’র সহ-সভাপতি শহিদুল ইসলাম নাসির, যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল, মনিরুজ্জামান গাড্ডু, ইনসারুল হক ইন্সু, সিরাজুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, বিএনপি নেতা আখেরুজ্জামান, কাওসার আলী।

এ সময় বক্তব্য রাখেন জেলা মহিলাদলের সাধারণ সম্পাদিকা লাইলা আরজুমান বানু, গাংনী উপজেলা যুবদলের আহবায়ক আব্দুল মালেক চপল বিশ্বাস, সদস্য সচিব জাহিদুল ইসলাম,ছাত্রদল নেতা নাজমুল হোসেন,গাংনী পৌর যুবদলের আহবায়ক সাহিদুল ইসলাম, সদস্য সচিব এনামুল হক, গাংনী পৌর সেচ্ছাসেবক দলের আহবায়ক এনামুল হক, সদস্য সচিব জামাল উদ্দীন, সাবেক ছাত্রদল নেতা সাহিবুল ইসলাম,উপজেলা ছাত্রদলের আহবায়ক সাজেদুর রহমান বিপ্লব, সদস্য সচিব রিপন হোসেন, গাংনী পৌর ছাত্রদলের আহ্বায়ক জুয়েল রানা, সদস্য সচিব শিশির আহমেদ শাকিল, উপজেলা জাসাস সভাপতি সেলিম হোসেন, সম্পাদক সালেহ আহমেদ, পৌর জাসাস সভাপতি সোহরাব হোসেন,সাধারণ সম্পাদক সুলেরী আলভী প্রমুখ।এসময় উপস্থিত ছিলেন বিএনপি ও এর অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ। কর্মসূচিতে বক্তারা বলেন,বর্তমান সরকার এতোই দুর্নীতি করেছে। যা জনগণের কাছে আজ ভোট যাওয়ার অধিকার রাখেনা। বর্তমান সরকারের পায়ের তলে মাটি নেই। এ সরকারকে সরাতে আগামীতে কঠোর আন্দোলন করা হবে।

অপরপক্ষে মাত্র ২০ থেকে ৩০ গজ দূরে জেলা বিএনপির সাধারণ সম্পাদক

আমজাদ হোসেনের নেতৃত্বে অপর একটি পক্ষ অবস্থান কর্মসূচি পালন করেন। গতকাল শনিবার সকাল সাড় ৯টার দিকে শুরু হয়ে সকল ১১ টা পর্যন্ত কর্মসূচি পালন করে।

এতে সভাপতিত্ব করেন উপজেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রউফ। কর্মসূচিতে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেন। বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবুর রহমান, গাংনী উপজেলা বিএনপির সাবেক সভাপতি মুহাম্মদ আব্দুল্লাহ,স্বেচ্ছাসেবক দলের নেতা শহিদুল ইসলাম।

এসময় বক্তব্য রাখেন সাবেক জেলা বিএনপির অন্যতম নেতা আব্দুস সালাম,সাবেক ছাত্রনেতা জাহিদুল ইসলাম রাজু,বিএনপি নেতা আব্দুর রাজ্জাক,মিজানুর রহমান,জাসাস নেতা লিপ্টন প্রমুখ।এসময় বিএনপি ও তার অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ কর্মসূচিতে অংশগ্রহণ করেন। কর্মসূচিতে বক্তারা বলেন,সকল খাদ্য ও নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম কমাতে হবে। এবং এই জালেম সরকারকে পদত্যাগ করতে হবে। যদি এই সরকার পদত্যাগ না করে তাহলে, আগামীতে কঠোর কর্মসূচি গ্রহণ করা হবে।

গাংনীতে বিস্ফোরক মামলায় ৩ বিএনপি নেতা আটক

মেহেরপুরের গাংনী উপজেলার বিভিন্ন এলাকায় অভিযান পরিচালনা করে বিস্ফোরক মামলায় বিএনপির ৩জন নেতাকে আটক করেছে গাংনী থানা পুলিশ।

গতকাল শুক্রবার (০৭ এপ্রিল) দিবাগত রাতে পুলিশের অভিযানে উপজেলার তেরাইল গ্রামের মৃত জবেদ আলী বিশ্বাসের ছেলে ও বামন্দী ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক নওশাদ আলী, এলাঙ্গী গ্রামের মোহাম্মদ আলীর ছেলে ও কৃষকদল নেতা বজলুর রশিদ এবং চেংগাড়া গ্রামের নঈমদ্দিনের ছেলে ও ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক নুরুল ইসলামকে আটক করা হয়।

এদিকে গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু বলেন, বিভিন্ন সময়ে আমাদের নেতাকর্মীদের হয়রানি মূলক মিথ্যা মামলা দিয়ে কারাগারে রাখা হচ্ছে। আবার একাধিক মামলার জন্য দিনের পর দিন আদালতে হাজিরা দিতে গিয়ে সংসার চালাতে হিমশিম খাচ্ছে। আমি অবিলম্বে এই মিথ্যা মামলা প্রত্যাহারের দাবি জানাচ্ছি।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক জানান, গাংনী পৌর এলাকার উত্তরপাড়ার পরিত্যক্ত মৎস্য হ্যাচারির মধ্যে দুটি বোমার বিস্ফোরন ও ঘটনাস্থল থেকে তিনটি বোমা উদ্ধারের ঘটনায় সাবেক ছাত্রলীগ নেতা সাহিদুজ্জামান শিপু বাদী হয়ে বিএনপি ও অঙ্গ সংগঠনের ১১ জন নেতাকর্মীর নাম উল্লেখসহ অজ্ঞাত আরো ২০ জনের বিরুদ্ধে বিশেষ ক্ষমতা ও বিম্ফোরক আইনে একটি মামলাটি দায়ের করেন। সেই

ধারাবাহিকতায় গতকাল শুক্রবার রাতে গাংনী থানা পুলিশের এসআই মাসুদ রানা নেতৃত্বে পুলিশের একটি দল অভিযান চালিয়ে ৩জনকে আটক করে। তাদের আজ শনিবার আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগর উপজেলা বিএনপির অবস্থান কর্মসূচী অনুষ্ঠিত

বিদ্যুৎ, গ্যাস, দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি, আওয়ামী লীগ সরকারের সন্ত্রাস দুর্নীতির প্রতিবাদসহ ১০ দফা দাবি বাস্তবায়নের দাবিতে অবস্থান কর্মসূচি পালন করেছে মুজিবনগর উপজেলা বিএনপি।

আজ শনিবার বিকেল সাড়ে ৪টার দিকে মুুজিবনগর উপজেলার কেদারগঞ্জ বাজার সাপ্তাহিক হাট প্রাঙ্গণে এই অবস্থান কর্মসূচি পালন করা হয়।

মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলামের সভাপতিত্বে অবস্থান কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

মেহেরপুর পৌর বিএনপি’র সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, মুজিবনগর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক বদর উদ্দিন বিশ্বাস।

জেলা যুবদলের সভাপতি জাহিদুর রহমান জাহিদ,মুজিবনগর উপজেলা যুবদলের সভাপতি আবুল হাসান,সাধারণ সম্পাদক আনোয়ারুল ইসলাম, উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক জুলফিকার আলী ভুট্টো,
উপজেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির, সাধারণ সম্পাদক আফিরুল ইসলাম প্রমুখ । এছাড়াও অবস্থান কর্মসূচিতে উপজেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের শত শত নেতা কর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুর সদর উপজেলা বিএনপি’র অবস্থান কর্মসুচী অনুষ্ঠিত

গ্যাস,বিদ্যুৎ,চাল,ডাল,তেল,কৃষি উপকরণ, শিক্ষা উপকরণসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যমুল্য বৃদ্ধির প্রতিবাদে, গণতন্ত্র পূনরুদ্ধার এবং ফ্যাসিষ্ট সরকারের পদত্যাগসহ ১০ দফা দাবীতে মেহেরপুর সদর উপজেলা বিএনপি’র অবস্থান কর্মসুচী অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (৮ এপ্রিল) সকাল ১০টা থেকে বেলা ১২টা পর্যন্ত জেলা বিএনপি কার্যালয়ের সামনে এ অবস্থান কর্মসুচী অনুষ্ঠিত হয়।

মেহেরপুর সদর উপজেলা বিএনপির সভাপতি এ্যাডঃ মারুফ আহমেদ বিজনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন ।

মেহেরপুর পৌর বিএনপির সভাপতি ও সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় বক্তব্য রাখেন জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, সদর উপজেলা বিএনপির সাধারন সম্পাদক ও সাবেক আমঝুপী ইউপি চেয়ারম্যান সাইফুল ইসলাম, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আরজুল্লা বাবুল মাস্টার, যুগ্ম সম্পাদক আব্দুর রহিম, সদর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক শাহাবদ্দিন মোল্লা, সদর উপজেলা বিএনপির সহ-

সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, মেহেরপুর পৌর বিএনপির সাধারন সম্পাদক আবু ওবাইদুল্লাহ সেন্টু, জেলা বিএনপির দপ্তর সম্পাদক আবু সুফিয়ান হাবু, জেলা মৎস্যজীবী দলের সাবেক সভাপতি শ্রী গুরুদাস হালদার, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারন সম্পাদক আজমল হোসেন মিন্টু, সদর উপজেলা যুবদলের সভাপতি লিয়াকত আলী, পৌর যুবদলের সভাপতি সামিউল ইসলাম লিজন, সদর উপজেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি শহিদুল ইসলাম সেন্টু, সাধারন সম্পাদক ইলিয়াস হোসেন, জেলা ছাত্রদলের সহ-সভাপতি আলমগীর হোসেন চাঁদ প্রমুখ। এছাড়াও অবস্থান কর্মসুচীতে বিএনপি ও অঙ্গ-সংগঠনের শতশত নেতাকর্মী উপস্থিত ছিলেন ।

মেহেরপুরে জাতীয় মহিলা পার্টির উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল

মেহেরপুরে জাতীয় মহিলা পার্টির উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে।

শুক্রবার পৌরসভা ৯ নং ওয়ার্ডে জাতীয় মহিলা পার্টির আয়োজনে ওয়ার্ড কমিটি গঠন, ইফতার ও দোয়া মাহফিলের অনুষ্ঠিত হয়।

৯ নং ওয়ার্ড জাতীয় মহিলা পার্টির আহ্বায়ক শেফালী খাতুনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,জেলা জাতীয় মহিলা পার্টির আহ্বায়ক সোনিয়া খাতুন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা জাতীয় পার্টির যুগ্ন আহ্বায়ক বেলীনা খাতুন, রওশন আরা।

এছাড়াও এসময় জেলা জাতীয় পার্টির আহ্বায়ক আব্দুল হামিদ, সদস্য মামলত হোসেন, নজরুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।